Neuadd y Sir
Caerdydd,
CF10 4UW
Ffôn:(029) 2087 2088
www.caerdydd.gov.uk
County Hall
Cardiff,
CF10 4UW
Tel:(029) 2087 2087
www.cardiff.gov.uk

জুন ২০২৪

প্রিয় স্টেইকহোল্ডার

**অতিরিক্ত শেখার প্রয়োজনসম্পন্ন শিশু এবং তরুণদের জন্য বন্দোবস্ত (এএলএন)**

আমি নীচে বর্ণিত অতিরিক্ত শেখার প্রয়োজনীয়তাসম্পন্ন শিশু এবং তরুণদের জন্য উচ্চমানের প্রাইমারি ও সেকেন্ডারি স্পেশালিস্ট স্কুল স্থান প্রদান করার জন্য প্রস্তাবিত পরিবর্তনগুলি সম্পর্কে আপনাকে সর্বশেষ খবরাখবর জানানোর জন্য লিখছি:

- বিদ্যমান ভবনগুলির মধ্যে সেপ্টেম্বর ২০২৪ থেকে বাডেন পাওয়েল প্রাইমারি স্কুলে ( Baden Powell Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি ৮ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে ফেয়ারওয়াটার প্রাইমারি স্কুলে ( Fairwater Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি ৮ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা। এটি বিদ্যমান ওয়েলবিয়িং ক্লাসকে প্রতিস্থাপন করবে।

- বিদ্যমান ভবন বা নতুন ভবনের মধ্যে ২০২৫ সালের সেপ্টেম্বর থেকে হারবার্ট থম্পসন প্রাইমারি স্কুলে ( Herbert Thompson Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি ১৬ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে লেইকসাইড প্রাইমারি স্কুলে ( Lakeside Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি ১৬ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা। এটি বিদ্যমান ওয়েলবিয়িং ক্লাসকে প্রতিস্থাপন করবে।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে সেপ্টেম্বর ২০২৪ থেকে স্প্রিংউড প্রাইমারি স্কুলে ( Springwood Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি ৮ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা। এটি বিদ্যমান ওয়েলবিয়িং ক্লাসকে প্রতিস্থাপন করবে।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে সেপ্টেম্বর ২০২৪ থেকে ইয়েসগোল গাইফুন জিমরেগ প্লাজমাওয়ারে ( Ysgol Gyfun Gymraeg Plasmawr) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের প্রয়োজনগ্রস্ত শিক্ষার্থীদের জন্য ২০ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা।

- বিদ্যমান ভবনের মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে কোয়েড গ্লাস প্রাইমারি স্কুলে ( Coed Glas Primary School) অটিজমের জন্য ২০ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা।

**GWEITHIO DROS GAERDYDD, GWEITHIO DROSOCH CHI**
Mae'r Cyngor yn croesawu gohebiaeth yn Gymraeg, Saesneg neu'n ddwyieithog. Byddwn yn cyfathrebu â chi yn ôl eich dewis, dim ond i chi roi gwybod i ni pa un sydd well gennych. Ni fydd gohebu yn Gymraeg yn arwain at oedi.

**WORKING FOR CARDIFF, WORKING FOR YOU**
The Council welcomes correspondence in Welsh, English or bilingually. We will ensure that we communicate with you in the language of your choice, as long as you let us know which you prefer. Corresponding in Welsh will not lead to delay.

UCHELGAIS PRIFDDINAS
CAPITAL AMBITION

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে গ্রিনওয়ে প্রাইমারি স্কুলে (Greenway Primary School) জটিল শিক্ষার প্রয়োজনীয়তা এবং/অথবা অটিজমের জন্য একটি ২০ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে সেপ্টেম্বর ২০২৪ থেকে সেভার্ন প্রাইমারি স্কুলে (Severn Primary School) জটিল শিক্ষার প্রয়োজনীয়তা এবং/অথবা অটিজমের জন্য ২০ স্থান বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপন করা।

ফেয়ারওয়াটার প্রাইমারি স্কুলে একটি ৮-স্থান বিশেষজ্ঞ সংস্থান বেইস স্থাপনের প্রস্তাব সম্পর্কিত একটি আনুষ্ঠানিক আপত্তি পাওয়া গেছে।

২০২৪ সালের ২০ জুন কাউন্সিলের কেবিন্যাট বৈঠকে প্রস্তাব, জমা দেওয়া বিধিবদ্ধ আপত্তি এবং উত্থাপিত বিষয়গুলির বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের প্রতিক্রিয়া বিবেচনা করা হয়।

উত্থাপিত উদ্বেগগুলি কাউন্সিলের প্রতিক্রিয়া সহ আপত্তি রিপোর্টে সংক্ষিপ্ত করা হয়েছে। এটি বিবেচনা করা হয়েছিল যে কাউন্সিল দ্বারা প্রদত্ত প্রতিক্রিয়াগুলি উত্থাপিত বিষয়গুলির জবাব দিয়েছে।

আপত্তি রিপোর্টটি কাউন্সিলের ওয়েবসাইটে দেখার জন্য উপলব্ধ:

Agenda for Cabinet on Thursday, 20th June, 2024, 2.00 pm : Cardiff Council (moderngov.co.uk)

**কেবিন্যাট সংশোধন ছাড়াই উপরে বর্ণিত প্রস্তাবগুলি অনুমোদন করেছে।**

কাউন্সিল সন্তুষ্ট ছিল যে প্রস্তাবগুলি:

- জীবন দক্ষতা সহ একটি সামগ্রিক, বৃত্তিমূলক এবং থেরাপিউটিক পাঠ্যক্রম সমর্থন করবে।
- রিভল্ভিং দরজা মূল্যায়ন স্থান এবং দীর্ঘমেয়াদী প্লেইসমেন্টের মিশ্রণ প্রদান করবে।
- স্বতন্ত্র স্কুলের জায়গাগুলির উপর নির্ভরতা হ্রাস করবে এবং সম্ভাব্য কাউন্টি প্লেইসমেন্টের বাইরে।
- 'ক্লোজার টু হোম' (বাড়ির নিকটে) কৌশলের সঙ্গে সামঞ্জস্য রেখে কার্ডিফের স্কুলগুলোতে শিশুদের দেখাশোনা করার সক্ষমতা নিশ্চিত করবে।
- কার্ডিফের সমস্ত বিশেষজ্ঞ বিধানের জন্য লিঙ্গ-অন্তর্ভুক্ত পদ্ধতির প্রতিষ্ঠা করবে।
- প্রাথমিক বয়স্ক শিক্ষার্থীদের মূলধারার স্কুল সাইটে বিশেষজ্ঞের বিধান এক্সেস করার সুযোগ বাড়াবে।
- শিক্ষার্থীদের সাথে সংযোগ বজায় রাখতে এবং যেখানে সম্ভব সেখানে মূলধারার শিক্ষায় ফিরে আসার জন্য আরও সমর্থন বিকাশ করবে।
- দ্বৈত প্লেইসমেন্ট এবং একটি সমৃদ্ধ শেখার অভিজ্ঞতা সমর্থন করার জন্য মূলধারার এবং বিশেষ স্কুলগুলির মধ্যে শক্তিশালী লিঙ্ক তৈরি করবে।
- কর্মসংস্থানের সমর্থিত পথগুলি সহ ১৬ পরবর্তী সুযোগের পরিসর উন্নত করবে।

**ওয়েলশ মন্ত্রীদের কাছে স্থানীয় কর্তৃপক্ষের সিদ্ধান্তের রেফারেল**

২০১৩ সালের আইনের ৫৪ অনুচ্ছেদের অধীনে যেখানে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাবগুলি অনুমোদিত হয়েছে, নিম্নলিখিত সংস্থাগুলি সিদ্ধান্তের দিন থেকে শুরু করে ২৮ দিন শেষ হওয়ার আগে, প্রস্তাবটি ওয়েলশ মন্ত্রীদের কাছে বিবেচনার জন্য উল্লেখ করতে পারে;

*i. প্রস্তাব দ্বারা প্রভাবিত আরেকটি স্থানীয় কর্তৃপক্ষ;*

*ii. ক্ষতিগ্রস্ত যেকোন স্কুলের জন্য উপযুক্ত ধর্মীয় সংস্থা;*

*iii. একটি স্বেচ্ছাসেবী বা ফাউন্ডেশন স্কুলের গভর্নিং বডি প্রস্তাব সাপেক্ষে;*


*iv. প্রস্তাব সাপেক্ষে একটি স্বেচ্ছাসেবী বা ফাউন্ডেশন স্কুলের পক্ষে সম্পত্তি ধারণকারী একটি ট্রাস্ট; এবং*

*v. প্রস্তাব দ্বারা প্রভাবিত আরও একটি শিক্ষা প্রতিষ্ঠান*

সিদ্ধান্তটি কাউন্সিলের সংবিধানে নির্ধারিত কল-ইন পদ্ধতির সাপেক্ষে যা কেবিন্যাট কর্তৃক গৃহীত সিদ্ধান্তগুলি পর্যালোচনা করার অনুমতি দেয়। যদি সিদ্ধান্তের একটি কল-ইন হয়, তবে সমস্ত স্টেইকহোল্ডারদের অবহিত করা হবে।

আপনার যদি কোনও প্রশ্ন থাকে অথবা অতিরিক্ত তথ্যের প্রয়োজন হয় তবে দয়া করে 029 2087 2720 নম্বরে স্কুল অর্গানাইজেশন প্ল্যানিং টীমের সাথে যোগাযোগ করুন অথবা ইমেইলের মাধ্যমে এখানে যোগাযোগ করুন:
schoolresponses@cardiff.gov.uk

আপনারই বিশ্বস্ত



রিচার্ড পোর্টাস ( Richard Portas)
**প্রোগ্রাম ডিরেক্টর**
**স্কুল অর্গানাইজেশন প্রোগ্রাম**